



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

৩/৩, ফুলার রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, ফোন নম্বর: ৪৪৮৬৫০৭৫



নিয়োগ বিজ্ঞপ্তি

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|--------|--|----------------------------------|--|
| ১ | সহকারী শিক্ষক ইতিহাস ও সামাজিক বিজ্ঞান (ইংরেজি ভাষন) - ০১ গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান - ০১ কৃষি শিক্ষা (ইংরেজি ভাষন) - ০১ | গ্রেড ১০ টাকা ১৬০০০- ৩৮৬৪০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। |
| ২ | জুনিয়র স্কুল সাইকোলজিস্ট/ এডুকেশনাল সাইকোলজিস্ট - ০১ | গ্রেড ১০ টাকা ১৬০০০- ৩৮৬৪০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা, শিক্ষায় স্নাতক (সম্মান) ও শিক্ষা মনোবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। |

বিদ্যালয় প্রদত্ত অন্যান্য ভাতা ও সুবিধাদি:

সরকারি বিধি ও বিদ্যালয়ের নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, যাতায়াত ভাতা ও অন্যান্য ভাতা প্রদান করা হবে। এছাড়া চাকরি স্থায়ী হলে বিদ্যালয়ের বিধি মোতাবেক কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড এবং গ্রাটুইটি সুবিধা প্রদান করা হবে।

আবেদনের শর্তাবলি:

- প্রার্থীদের শিক্ষা জীবনের সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। উল্লেখ্য যে, শিক্ষাজীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ইংরেজি ভাষনের প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি মাধ্যমে পাঠদানে অভিজ্ঞতাসম্পন্ন অথবা ইংরেজি মাধ্যম থেকে পাশ করা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- বিএড ডিগ্রিবিহীন প্রার্থীদেরকে নিয়োগপ্রাপ্ত হওয়ার দুই বছরের মধ্যে বিএড ডিগ্রি অর্জন করতে হবে।
- ইংরেজি ভাষনের প্রার্থীদের বাংলা ও ইংরেজি উভয় ভাষনে পাঠদানে সম্মত থাকতে হবে।
- সহকারী শিক্ষক পদে প্রার্থীদের স্ব স্ব বিষয়ে নিবন্ধন (NTRCA) থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
- প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে। তবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- আগ্রহী প্রার্থীদের সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ) ও সোনালী ব্যাংকের যে-কোনো শাখা থেকে অধ্যক্ষ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা এর অনুকূলে টাকা ১০০০ (এক হাজার) মাত্র অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ আবেদনপত্র রেজিস্ট্রি ডাকযোগে ১৭/০১/২০২৪ তারিখের মধ্যে বিদ্যালয় অফিসে পৌছাতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র অথবা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- চাকরিরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে অবশ্যই আবেদনকৃত পদের নাম ও প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বিদ্যালয় কর্তৃপক্ষ যে-কোনো আবেদনপত্র বাতিল, সংরক্ষণ অথবা পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার পূর্ণ অধিকার রাখেন।
- আবেদনপত্রে কোনো তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে তা ভবিষ্যতে নথিতে সংযুক্ত করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য: সহকারী শিক্ষক (ইতিহাস ও সামাজিক বিজ্ঞান, ইংরেজি ভাষন) [পূর্বনাম: বাংলাদেশ ও বিশ্বপরিচয় (ইংরেজি ভাষন)]
পদে পূর্বে যেসকল প্রার্থী আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ